গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) : প্রাণিসম্পদ অংগ
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
www.natpdls.gov.bd
Email : directornatp2dls@yahoo.com

স্মারক নং- ৩৩.০১.০০০০.৭০৫.০৫.২৯.১৮-১০৬১ তারিখঃ ২৯/০৮/২০১৮খ্রীঃ

## বিজ্ঞপ্তি

বিষয় ঃ পিআইইউ ঃ প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-৩ (AIF-3) থেকে প্রাণিসম্পদ উদ্যোক্তাদের আর্থিক সহায়তা (ম্যাচিং গ্রান্ট) প্রদানের নিমিত্ত উপ-প্রকল্প প্রস্তাবনা আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রযুক্তি হস্তান্তর এবং বাজার প্রবেশাধিকার সুবিধার জন্য পিআইইউ ঃ প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-৩ (AIF-3) থেকে CIG, PO এবং গ্রামীণ কৃষিজ (প্রাণিসম্পদ) ব্যবসার সাথে সংশ্লিষ্ট উদোক্তাদের নিকট উপ-প্রকল্পের মাধ্যমে অফেরত যোগ্য "ম্যাচিং গ্রান্ট" হিসাবে আর্থিক সহায়তা প্রদান করা হবে। এ জন্য নিম্নে বর্ণিত যোগ্যতা সম্পন্ন উদ্যোক্তাকে নিজ নিজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার মাধ্যমে উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

AIF-3 আবেদনকারী উদ্যোক্তার ধরণ ও যোগ্যতাঃ

১. আবেদনকারী CIG, PO অথবা বেসরকারী উদ্যোক্তা প্রতিষ্ঠানকে উত্তম মানসম্পন্ন, সরকারীভাবে নিবন্ধিত বা ট্রেড লাইসেন্সধারী এবং কোন বাণিজ্যিক ব্যাংকে উক্ত প্রতিষ্ঠানের নামে ব্যাংক একাউন্ট পরিচালিত হতে হবে।

২. প্রস্তাবিত উপ-প্রকল্পগুলোতে প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে যোগ্যতার ভিত্তিতে AIF-3 এর অনুদান প্রদান করা হবে।

৩. প্রস্তাবিত উপ-প্রকল্পটি বাস্তবায়নে সময়ের সাথে পালাক্রমে উৎপাদন ও আয় বৃদ্ধিতে সহায়ক হবে এবং স্বয়ংক্রিয়ভাবে টেকসই উৎপাদন ও বাজার ব্যবস্থায় সক্ষম বলে বিবেচিত হলে AIF-3 "ম্যাচিং গ্রান্ট" এর জন্য যোগ্য হবে।

৪. এনএটিপি-২ প্রকল্প মেয়াদে কোন একজন উদ্যোক্তা AIF-3 এর "ম্যাচিং গ্রান্ট" একবারই প্রাপ্য হবেন।

৫. একটি উপ-প্রকল্পে AIF-3 থেকে সর্বোচ্চ প্রদেয় আর্থিক অনুদানের পরিমান হবে উক্ত উপ-প্রকল্পের প্রাক্কলিত মোট বাজেট বরাদ্দের সর্বোচ্চ ৫০%, অর্থাৎ অনধিক ৫.৮১ লক্ষ টাকা। অবশিষ্ট ৫০% অর্থাৎ ৫.৮১ লক্ষ টাকা উদ্যোক্তাকে নিজস্ব তহবিল থেকে প্রদান করতে হবে। এ জন্য উদ্যোক্তার ব্যাংক একাউন্টে উদ্যোক্তার অংশের সমপরিমান টাকা জমা থাকতে হবে। ফলে একটি উপ-প্রকল্পে AIF-3 অনুদান ও উদ্যোক্তা তহবিল মিলে সর্বোচ্চ বাজেট বরাদ্দের পরিমান হবে ১১.৬২ লক্ষ টাকা। যদি কোন কারণে উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য সর্বোচ্চ বাজেট বরাদ্দের চেয়ে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হয়, সে ক্ষেত্রে উদ্যোক্তার নিজস্ব তহবিল থেকে উক্ত অতিরিক্ত ব্যয় মিটাতে হবে। অন্যদিকে যদি প্রস্তাবিত উপ-প্রকল্পের জন্য সর্বোচ্চ বাজেট বরাদ্দ অর্থাৎ ১১.৬২ লক্ষ টাকা থেকে কম বরাদ্দের প্রয়োজন হয়, সে ক্ষেত্রে AIF-3 ও উদ্যোক্তা কর্তৃক প্রদেয় টাকার পরিমান আনুপাতিক হারে কমে যাবে।

৬. উপ-প্রকল্প প্রস্তুত করার সময় প্রকল্প ছক যথাযথভাবে পুরণ করতে হবে। উপ-প্রকল্প ছক পূরণে বিভিন্ন খাতওয়ারী টাকার হিসাবে AIF-3 অনুদান ও উদ্যোক্তার অংশের টাকার পরিমান লিখতে ভুল করা যাবে না।

৭. উপ-প্রকল্পের মূল কপি দাখিল করতে হবে, ফটো কপি/সফট কপি গ্রহনযোগ্য হবে না।

৮. আগ্রহী উদ্যোক্তাকে নির্ধারিত ছকে (ছক সংযুক্ত) উপ-প্রকল্প প্রস্তাব তৈরী করে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৪৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে দাখিল করতে হবে।

৯. উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণের শেষ তারিখ আগামী ১২ অক্টোবর ২০১৮।

১০. অত্র দপ্তরের স্মারক নং- ৩৩.০১.০০০০.৭০৫.০৫.২৯.১৮-৮৬৫ তারিখঃ ২৮/০৬/২০১৮খ্রীঃ মোতাবেক NATP-2 ভূক্ত সকল উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা-কে নিজ নিজ উপজেলাস্থ সম্ভাব্য উদ্যোক্তা শনাক্তপূর্বক একটি তালিকা প্রস্তুত করার বিষয়টি জানানো হয়েছে। উক্ত তালিকাভুক্ত উদ্যোক্তাগণের (প্রাণিসম্পদ) নিকট অত্র বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

১১. পিআইইউ ঃ প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর www.natpdls.gov.bd ওয়েব সাইটে AIF-3 ব্যবহার সম্পর্কিত নির্দেশিকা দেয়া আছে। উক্ত নির্দেশিকায় AIF-3 ব্যবস্থাপনা, বাস্তবায়ন পদ্ধতি, উপ-প্রকল্প প্রণয়ন ইত্যাদি বিষয়ে বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। উক্ত নির্দেশিকা মোতাবেক যোগ্য উদ্যোক্তাদের নিকট থেকে উপ-প্রকল্প প্রস্তাবনা গ্রহন ও পরবর্তী কার্যক্রম পরিচালনা করার জন্য এনএটিপি-২ ভুক্ত সকল উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

(ডা: মর্তুজুর মোহাম্মদ শাহজাদা)
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) : প্রাণিসম্পদ অংগ
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা-১২১৫।

কার্যার্থে ঃ

১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনএটিপি-২ ভুক্ত ২৭০টি উপজেলা।

সদয় জ্ঞাতার্থে:

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২। পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

৩। পরিচালক (উৎপাদন), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

৪। উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রাজশাহী/রংপুর/ময়মনসিংহ।

৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনএটিপি-২ ভুক্ত ৫৭টি জেলা।

# উদ্যোক্তা প্রতিষ্ঠানের জন্য উপ-প্রকল্প প্রস্তুত করার ছক

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন ইউনিট (পিআইইউ) : প্রাণিসম্পদ অংগ
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

(প্রতিটি উপ-প্রকল্প প্রস্তুত করার সময় একই ছক পৃথক পৃথকভাবে ব্যবহার করতে হবে)

## প্রথম অংশ (সাধারণ তথ্যাবলী)

১. আবেদকারী উদ্যোক্তার নাম:

২. আবেদকারীর উদ্যোক্তার পূর্ণ ঠিকানা (গ্রাম, ইউনিয়ন, উপজেলা, জেলা, পোষ্ট কোড):

৩. উদ্যোক্তা প্রতিষ্ঠানটি কত সালে গঠিত হয়েছে:

৪. উদ্যোক্তা প্রতিষ্ঠানের রেজিষ্ট্রেশন/ট্রেড লাইসেন্স নম্বর ও তারিখ (রেজিষ্ট্রেশন/ট্রেড লাইসেন্স সনদপত্র সংযুক্ত করতে হবে):

৫. উদ্যোক্তা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত বিবরণ (উদ্যোক্তা প্রতিষ্ঠান কর্তৃক ইতোপূর্বে বাস্তবায়িত এবং বর্তমানে বাস্তবায়নাধীন কর্মকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণসহ প্রস্তাবিত উপ-প্রকল্পের কর্মকাণ্ড সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ):

৬. ব্যাংক হিসাবের তথ্যাবলী (ব্যাংক এর নাম ও ঠিকানা, একাউন্ট এর নাম, একাউন্ট নম্বর, বর্তমান স্থিতিসহ হিসাব বিবরণী সংযুক্ত করতে হবে):

৭. উদ্যোক্তা সংস্থার মালিকানাধীন প্রধান প্রধান সম্পদের তালিকা:

৮. উপ-প্রকল্প দাখিলে যোগাযোগকারীর নাম, পদবী ও মোবাইল নম্বর:

## দ্বিতীয় অংশ (কারিগরি ও আর্থিক তথ্যাবলী)

৯. উপ-প্রকল্পের শিরোণাম (সুস্পষ্ট, অর্থবহ এবং স্বব্যাখ্যায়িত শিরোনাম):

১০. উপ-প্রকল্প এলাকা (কার্যক্রম যে এলাকায় বাস্তবায়িত হবে তার নাম):

১১. প্রকল্পের মেয়াদ (প্রকল্পের কর্মকান্ড শুরু ও সমাপ্তির তারিখ উল্লেখ করতে হবে):

(ক) ক্রয় কার্য সম্পাদন কাল:

(খ) বাস্তবায়নকাল:

১২. উপ-প্রকল্পের বর্ণনা (প্রস্তাবিত উপ-প্রকল্পের কর্মকাণ্ড এনএটিপি-২ প্রকল্পে কিরূপ প্রভাব পড়বে, উপ-প্রকল্পের কর্মকাণ্ড সিআইজি কর্মকাণ্ডের সাথে কতটা সংগতিপূর্ণ, সিআইজি কিভাবে উপ-প্রকল্প থেকে উপকৃত হবে):

(ক) পটভূমি ও যৌক্তিকতা:

(খ) লক্ষ্য ও উদ্দেশ্য:

১৩. বাস্তবায়ন পদ্ধতি (উপ-প্রকল্প গ্রহণের উদ্দেশ্য ও বাস্তবায়ন পদ্ধতির পর্যায়ক্রমিক ধাপগুলো সুস্পষ্টভাবে উল্লেখ্য করতে হবে):

১৪. বাজেট এবং প্রস্তাবিত "ম্যাচিং গ্রান্ট" এর পরিমান (উপ-প্রকল্প ব্যয়ের মোট বাজেট এবং AIF-3 উৎস্য হতে প্রয়োজনীয় বাজেটের পরিমান উল্লেখসহ বাজেটের প্রত্যেক লাইন আইটেমে উদ্যোক্তা কর্তৃক প্রদেয় অর্থের পরিমান ইত্যাদি; প্রকল্পের বাজেট প্রস্তত করতে নিম্নের ছক ব্যবহার করতে হবে):

উপ-প্রকল্পের প্রাক্কলিত বাজেট:

| উপ-প্রকল্পের নাম: | | | | "ম্যাচিং গ্রান্ট" ক্যাটাগরি: AIF-3 | | |
|---|---|---|---|---|---|---|
| খরচের খাত | সংখ্যা | একক মূল্য (টাকা) | মোট মূল্য/বাজেট (টাকা) | উপ-প্রকল্প বাজেটে অবদানের পরিমান | | মন্তব্য |
| | | | | "ম্যাচিং গ্রান্ট" অর্থের পরিমাণ (সর্বোচ্চ ৫০%)* | উদ্যোক্তা প্রদত্ত অর্থের পরিমাণ (নূন্যতম ৫০%) | |
| ক্যাপিটাল আইটেম (Capital Cost Item) | | | | | | |
| ১. | | | | | | |
| ২. | | | | | | |
| ৩. | | | | | | |
| ৪. ইত্যাদি | | | | | | |
| রিকারেন্ট আইটেম (Recurent Cost Item) | | | | | | |
| ১. | | | | | | |
| ২. | | | | | | |
| ৩. | | | | | | |
| ৪. ইত্যাদি | | | | | | |

* প্রতি উপ-প্রকল্পের প্রস্তাবনায় "ম্যাচিং গ্রান্ট" এর পরিমান সর্বোচ্চ ৫.৮১ লক্ষ টাকা হবে, যা উপ-প্রকল্পের সর্বোমোট ব্যয়ের ৫০%। অবশিষ্ট ৫০% ব্যয় যার পরিমান ৫.৮১ লক্ষ টাকা, উদ্যোক্তা কর্তৃক প্রদান করতে হবে। ফলে উপ-প্রকল্পের মোট ব্যয় হবে ১১.৬২ লক্ষ টাকা। যদি কোন উদ্যোক্তার উপ-প্রকল্পের প্রস্তাব ১১.৬২ লক্ষ টাকার চেয়ে বেশী হয়, সে ক্ষেত্রে AIF-3 "ম্যাচিং গ্রান্ট" এর পরিমান একই থাকবে অর্থাৎ ৫.৮১ লক্ষ টাকাই থাকবে এবং প্রকল্পের অতিরিক্ত ব্যয়ের টাকা উদ্যোক্তার নিজস্ব তহবিল থেকে প্রদান করতে হবে।

১৫. প্রধান প্রধান কর্মকান্ড ও বাস্তবায়ন পরিকল্পনা:

১৬. ঝুঁকি এবং ঝুঁকি মোকাবেলায় পদক্ষেপ (সম্ভাব্য ঝুঁকি অথবা বাস্তবায়ন সময়কালে উৎপাদনকে ক্ষতিগ্রস্থ করতে পারে তা উল্লেখ করতে হবে। ঝুঁকি মোকাবেলায় যেসব পদ্ধতি গ্রহণ করা যেতে পারে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে):

১৭. সামাজিক বিষয়াদি (প্রকল্পের কর্মকাণ্ড দ্বারা সিআইজি এবং পার্শ্ববর্তী কৃষক/খামারী কিভাবে লাভবান হবে তার বর্ণনা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে, সমাজের নারী কৃষক/খামারীদের লাভবান হওয়ার কোন সুযোগ আছে কি না বর্ণনা করতে হবে):

১৮. পরিবেশগত বিষয়াদি (প্রকল্প কর্মকাণ্ডের দ্বারা পরিবেশে কোন নেতিবাচক প্রভাব সৃষ্টি হবে কি না তা উল্লেখ করতে হবে):

১৯. বাজার ব্যবস্থাপনা ঃ স্থানীয় বাজার, শহর এবং রপ্তানি বাজারে উৎপাদিত পণ্যের বিপণন সুযোগ সৃষ্টিতে এই উপ-প্রকল্পের সংক্ষিপ্ত ভূমিকা (প্রযোজ্য ক্ষেত্রে):

২০. প্রস্তাবিত উপ-প্রকল্প বাস্তবায়নে উদ্যোক্তার সক্ষমতার বর্ণনা (পূর্ব অভিজ্ঞতা, প্রযুক্তি প্রয়োগ সক্ষমতা, ব্যবহার বিধি প্রণয়ন, অর্জিত সম্পদ (নগদ ও মালামাল), অফিস অথবা মিটিং এর স্থান ইত্যাদি):

২১. উপ-প্রকল্পের মেয়াদ শেষে প্রকল্পের ধারাবহিকতা অব্যাহত রাখার পরিকল্পনা (উপ-প্রকল্প মেয়াদ শেষ হলে প্রকল্পের সুযোগ-সুবিধা ধরে রাখার ধারবাহিকতায় কি কার্যক্রম গ্রহণ করা হবে তার সংক্ষিপ্ত বিবরণী):

স্বাক্ষর
নাম:
পদবী:
জাতীয় পরিচয় পত্র নম্বর:
ব্যবস্থাপনা পরিচালক/সাধারণ সম্পাদক:
উদ্যোক্তা প্রতিষ্ঠানের নাম:
উদ্যোক্তার সিল:
তারিখ:
মোবাইল নম্বর:



8